গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
আইসিটি শাখা,
www.lalmonirhat.gov.bd

**বিষয়ঃ জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রকিবুল হাসান<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| সভার তারিখ | ৪ মার্চ, ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), লালমনিরহাট এর অফিস কক্ষ |
| উপস্থিতি | জেলা ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ইনোভেশন সংক্রান্ত ৬ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৮৩৩.৩৩.০০২. ২০.১০০ নং প্রজ্ঞাপনখানা উপস্থাপন করা হয়। প্রাপ্ত প্রজ্ঞাপন মোতাবেক নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকার ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে পুনর্গঠিত ইনোভেশন টিম এর সদস্যবৃন্দের সাথে ইনোভেটিভ আইডিয়ার কার্যক্রমের অগ্রগতি এবং নতুন নতুন আইডিয়া গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| 1. | <u>ইনোভেশন কমিটির কার্যপরিধি সম্পর্কে আলোচনা:</u><br>ইনোভেশন টিম সরকারি অফিসে সার্বিক সেবা প্রদান প্রক্রিয়া ও অভ্যন্তরীন কাজের গুনগত উন্নয়ন নিশ্চিত করা এবং সেবা-সহজীকরণ ও উদ্ভাবনী পদ্ধতি বাস্তবায়নের জন্য কার্যকর কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এটি অন্যান্য সরকারি দপ্তর পর্যায়ে গঠিত ইনোভেশন টিমগুলোর সাথে যোগাযোগ ও সমন্বয় বজায় রেখে সার্বিক উদ্ভাবনী উদ্যোগগুলোকে সমন্বিত করার বিষয়ে উপস্থিত সভায় আলোচনা হয়। সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন। এছাড়া প্রতি তিন মাস পর পর ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়ন করতে হবে। ইনোভেশন টিমের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম |
| 2. | <u>বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ:</u><br>সভায় লালমনিরহাট জেলায় প্রস্তুতকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা সঠিকভাবে প্রনয়ন ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া উপজেলা পর্যায়ে বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়নপূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা ইনোভেশন টিমকে তাগিদ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | লালমনিরহাট জেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে প্রণয়নের জন্য সচেষ্ট হতে হবে। উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগী হতে উপজেলা ইনোভেশন অফিসারগনকে তাগিদ দেওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম |

| | | | |
|---|---|---|---|
| 3. | <u>নতুন উদ্ভাবনী ধারণা তৈরি:</u><br>সরকারি সেবা দ্রুত ও সহজ করার মাধ্যমে কাজের দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে ইনোভেশন টিমের প্রয়োজনীয়তা সম্পর্কে সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন। | ইনোভেশন টিম এর বড় চ্যালেঞ্জ হচ্ছে, সব কাজ অটোমেটেড করা এবং সুরক্ষা নিশ্চিত করা। সে লক্ষ্যে পূর্বের ইনোভেশনসমূহ বাস্তবায়নের নিমিত্ত তদারকি বৃদ্ধি এবং আগামী ৩১ মার্চ, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে কমপক্ষে একটি নতুন ইনোভেশন আইডিয়া প্রস্তুতপূর্বক তথ্য জেলা ইনোভেশন টিমকে প্রদান করার জন্য সকল দপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম ও সংশ্লিষ্ট দপ্তর |
| 4. | <u>তথ্য শেয়ার/প্রশিক্ষণের ব্যবস্থা:</u><br>দপ্তরসমূহ নিয়মিত ইন- হাউজ (In-house) প্রশিক্ষণ ইনোভেশন সংক্রান্ত মডিউল সংযোজনপূর্বক অভ্যন্তরীণ কর্মকাণ্ডে উদ্ভাবনী মনোভাব, দক্ষতা এবং কার্যকারিতা বৃদ্ধি করতে পারে বলে সভায় আলোচনা হয়। ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের ফলে কর্মকর্তাগণের উদ্ভাবনী ধারণা উপস্থাপন, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনায় সমষ্টিগত অংশগ্রহণ নিশ্চিত হবে যা দপ্তরের লক্ষ্য ও সেবার মান উন্নয়নে সহায়ক বলেও আলোচনা করা হয়। | জেলা পর্যায়ের সকল সরকারি অফিসে অভ্যন্তরীণভাবে (In-house) প্রশিক্ষণে ইনোভেশন সংক্রান্ত মডিউল সংযোজনের ব্যবস্থা করা যায় কিনা তা বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর |
| 5. | <u>সভার সদস্যবৃন্দের প্রস্তাবনা:</u><br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ ইনোভেশন টিমের উপযোগিতা নিয়ে সভায় আলোচনা করেন। উক্ত টিমের কার্যক্রমের ফলে সৃজনশীল সংস্কৃতি গড়ে তোলা, সেবা প্রদান পদ্ধতি উন্নয়নে সহায়তা, গবেষণা ও নতুন ধারণা বাস্তবায়ন, সমস্যা সমাধানে দ্রুততা ও বহুমুখী সমাধানের উপায় খুঁজে বের করতে পারে। এছাড়াও ইনোভেশন টিমের অব্যাহত প্রচেষ্টা সামগ্রিক পরিবর্তনের জন্ম দিতে পারে বলেও সভায় আলোচনা হয়। | জেলা ইনোভেশন টিমের সকল সদস্যকে নিজ নিজ দপ্তর এবং অন্যান্য দপ্তরের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমকে বেগবান করতে নিয়মিত ফলোআপ কর্মসূচি অব্যাহত রাখতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম |
| 6. | <u>বিবিধ:</u><br>১) সরকারি অফিসসমূহে ডি-নথির ব্যবহার বাড়ানোর বিষয়ে সভার সদস্যবৃন্দের মাঝে আলোচনা করা হয়।<br>২) সরকারি নির্দেশনা মোতাবেক নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়ে উপস্থিত সবাই আলোচনা করেন।<br>৩) ইনোভেশন টিমের গঠন, সদস্যদের দায়িত্ব, কার্যকারিতা সম্পর্কেও আলোচনা করা হয়, যাতে টিমের কাঠামো অনুযায়ী কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে বাস্তবায়িত হচ্ছে কি না তা নিরীক্ষিত হতে পারে মর্মে সভায় আলোচনা হয়।<br>৪) উদ্ভাবনী ধারণা সংগ্রহ পদ্ধতি, আইডিয়ার উৎস ও তা কীভাবে মূল্যায়ন করা হচ্ছে তা নিয়েও আলোচনা করা হয় যাতে ভবিষ্যতে কার্যকর ও বাস্তবসম্মত ইনোভেশন উদ্যোগ প্রণয়ন সহজ হয়।<br>৫) উপজেলা ইনোভেশন টিমের নিয়মিত সভা করে তার কার্যবিবরণী প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) সরকারি অফিসসমূহে ডি নথির ব্যবহার বৃদ্ধি করণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সরকারি নির্দেশনা মোতাবেক নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) দপ্তরগুলো যেন উদ্ভাবনী ধারণা ও উদ্যোগ গ্রহণ করে সে নিমিত্ত ফলোআপ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪) ইনোভেশনের লক্ষ্য ও রোডম্যাপ ধারাবাহিক ও ফলপ্রসূ করতে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫) উপজেলা ইনোভেশন টিমের নিয়মিত সভা করে তার কার্যবিবরণী প্রেরণ করার বিষয়ে উপজেলা ইনোভেশন টিমকে তাগিদ দেওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম ও উপজেলা ইনোভেশন টিম |

১০-০৩-২০২৬
মোঃ রকিবুল হাসান
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ইমেইল : adceduictlalmonirhat@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৭.৫২০০.০০০.০২৮.১৬.০০০১.২৫.১৯

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মহাপরিচালক, গভনের্ন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট এবং
৯। সদস্য (সকল), জেলা ইনোভেশন টিম, লালমনিরহাট।

১০-০৩-২০২৬
মোঃ রকিবুল হাসান
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)